# রাজশাহী বোর্ড-২০১৯

## পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** 'জন' এর দেশের সরকার ব্যবস্থায় আঞ্চলিক বৈশিষ্ট্য ও ভিন্নতাকে স্বীকৃতি দেয়া হয়। প্রত্যেকে নিজ নিজ ক্ষেত্রে স্বাধীন ও স্বতন্ত্র থেকে দেশ পরিচালনা করেন। অপরদিকে রফিকের দেশের সরকার জনগণের ভোটে নির্বাচিত এবং তার কাজের জন্য জনগণের কাছে জবাবদিহি করতে হয়।

ক. পুঁজিবাদী রাষ্ট্র কী? ১

খ. গণতন্ত্রে নাগরিকগণ কিভাবে প্রকৃত ক্ষমতার অধিকারী হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'জন' এর রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রফিকের দেশে বিদ্যমান সরকার ব্যবস্থা আধুনিক বিশ্বে অতি জনপ্রিয়'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** ঐশী ও মুনমুন একই বিদ্যালয়ের দশম শ্রেণিতে পড়ে। মুনমুন শারীরিক প্রতিবন্ধী। বিদ্যালয়ে যাওয়ার পথে ঐশী মুনমুনকে বিভিন্নভাবে সহযোগিতা করে। অপরদিকে জমির সাহেব একটি ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করেন। তার প্রতিষ্ঠানে পুরুষদের পাশাপাশি শিউলিসহ কিছু মহিলা একই ধরনের কাজে নিয়োজিত আছে। কিন্তু পারিশ্রমিক প্রাপ্তির বেলায় তাদের মধ্যে বৈষম্য রয়েছে। শিউলি অন্যান্য মহিলাদের পক্ষ হয়ে পারিশ্রমিক পুরুষদের সমান করার দাবি জানান। জমির সাহেব তাদের ন্যায্য দাবি মেনে নেন।

ক. নাগরিক কাকে বলে? ১

খ. তথ্য অধিকার আইন ব্যতীত জনগণের শাসন প্রতিষ্ঠা কল্পনা করা যায় না— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ঐশী থেকে মুনমুনের সহযোগিতা প্রাপ্তির বিষয়টি কোন অধিকারের সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শিউলি ন্যায্য দাবি মঞ্জুরের মধ্য দিয়ে সবার সমান অধিকার প্রতিষ্ঠা পেয়েছে"— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**৩.▶** মির্জাপুর এলাকার 'সপ্তবর্ণা' সংস্থাটি নয়টি শাখায় বিভক্ত। সেখানে একজন নির্বাচিত সভাপতি ও প্রত্যেক শাখার জন্য নির্বাচিত সাধারণ সদস্য ও তিনজন মহিলা সদস্য রয়েছেন। অপরদিকে 'ঝিঙেফুল' সংস্থাটি শহরের জনগণের বহুবিধ সমস্যার সমাধান ও উন্নয়নমূলক কাজ করে থাকে। কাজগুলোর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন,

Teachingbd24.com

নিরাপদ পানির ব্যবস্থা, খাদ্যে ভেজাল প্রতিরোধ, মোটরগাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির লাইসেন্স প্রদান, ইত্যাদি উল্লেখযোগ্য।

ক. স্থানীয় সরকার কাকে বলে? ১

খ. নারীর ক্ষমতায়ন কী? ব্যাখ্যা কর। ২

গ. 'সপ্তবর্ণা' সংগঠনের সাথে বাংলাদেশের কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ইঙ্গিত পাওয়া যায়? প্রতিষ্ঠানটির কার্যাবলি উল্লেখ কর। ৩

ঘ. 'ঝিঙেফুল' সংস্থাটি কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশ করে? আধুনিক শহর গড়ার ক্ষেত্রে উপরোক্ত কার্যক্রমগুলোই কি যথেষ্ট? তোমার মতামত দাও। ৪

৪.▶ আবিদ ও আরমান দুই বন্ধু। আরমান যুক্তরাষ্ট্রে পড়ালেখা শেষ করে সে দেশের নাগরিক জেসিকে বিয়ে করেন। সেখানে তিনি ব্যবসা করছেন। দীর্ঘ সময় থাকার ফলে ভালভাবে ভাষা রপ্ত করেছেন। তিনি সেই দেশের নিয়মিত কর প্রদান করেন। তিনি এখন যুক্তরাষ্ট্রের নাগরিক। তার বন্ধু আবিদ সাবিনাকে বিয়ে করে যুক্তরাষ্ট্রে যান পড়ালেখা করার জন্য। সেখানে গিয়ে তাদের একটি পুত্র সন্তান কায়সারের জন্ম হয়। শিক্ষা শেষ করে আবিদ ও সাবিনা দম্পতি যুক্তরাষ্ট্রে বসবাস করছেন এবং নাগরিকতা লাভের চেষ্টা করেছেন।

ক. দ্বৈত নাগরিকতা কাকে বলে? ১

খ. অধিকার ও কর্তব্য একে অপরের পরিপূরক— ব্যাখ্যা কর। ২

গ. আরমান কিভাবে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবিদ ও কায়সারের নাগরিকত্ব লাভের পদ্ধতি কি একই? তোমার উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৫.▶ মনির সাহেব এবং আমজাদ সাহেবের একটি ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে। এটি পরিচালনার জন্য তারা সুনির্দিষ্ট নীতিমালা লিখিতভাবে তৈরি করেন। ব্যবসা পরিচালনার সুবিধার্থে তারা নীতিমালাগুলো যুগোপোযোগী করে নেন। তার পাশে রয়েছে "নবারুণ" নামে একটি জনকল্যাণ সমিতি। সেখানে সমঝোতার ভিত্তিতে কিছু লিখিত, সহজ সরল এবং প্রাঞ্জল ভাষায় নিয়মনীতি তৈরি করে। 'ফুলকলি' নামক একটি বিদ্যালয়। সেটি পরিচালনার জন্য কোন নির্দিষ্ট নীতিমালা লিখিত নাই। তারা চিরাচরিত নিয়মনীতি ও আচার অনুষ্ঠানের ভিত্তিতে প্রতিষ্ঠান পরিচালনা করেন।

ক. সংবিধান কাকে বলে? ১

খ. সংবিধান রাষ্ট্র পরিচালনার উৎকৃষ্ট শক্তি— ব্যাখ্যা কর। ২

গ. মনির সাহেবের প্রতিষ্ঠানে কোন ধরনের সংবিধানের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নবারণ সমিতি ও ফুলকলি বিদ্যালয়ে পরিচালনার নীতিমালার মধ্যে কোনটিকে অধিকতর শ্রেয় মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ রহিম মিয়া দরিদ্র কৃষক। পরিবারের স্বাচ্ছন্দ্যতার জন্য তার স্ত্রী হাঁস-মুরগি পালন করে, বাঁশ ও বেতের ঝুঁড়ি তৈরি করে। রহিম মিয়া সেগুলো বাজারে বিক্রি করে। অপরদিকে সাদিয়া ও শর্মিলা দুই বান্ধবী। তারা বিশ্ববিদ্যালয়ের পড়ালেখা শেষ করে সাদিয়া একটি সরকারি কলেজে শিক্ষকতা পেশায় নিয়োজিত। সে যতটুকু সম্ভব

পরিবারের সবাইকে ভাল রাখার চেষ্টা করে। সময় পেলে গল্প গুজব করা, বেড়াতে যাওয়া সবদিকে তার খেয়াল। অন্যদিকে শর্মিলা একটি বিদেশি প্রতিষ্ঠানে চাকরি করে। সে নিজের জীবনকে যান্ত্রিক মনে করে। কর্মব্যস্ততার কারণে সে পরিবারকে সময় দিতে পারে না।

ক. পৌরনীতি কাকে বলে? ১
খ. 'পরিবারকে চিরন্তন বিদ্যালয় বলা হয়'— ব্যাখ্যা কর। ২
গ. রহিম মিয়া ও তার স্ত্রীর কাজটি পরিবারের কোন ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদিয়া ও শর্মিলার পরিবারের মধ্যে কোনটিকে তুমি আদর্শ বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ সোহেল সাহেবের বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান রয়েছে। প্রত্যেক প্রতিষ্ঠানের পৃথক ব্যবস্থাপনা রয়েছে। পৃথক ব্যবস্থাপনা থাকা সত্ত্বেও প্রয়োজনবোধে তিনি বিভিন্ন ক্ষেত্রে নিজেই সিদ্ধান্ত নেন। অপরদিকে নোমান সাহেব প্রগতি সংস্থার সদস্য। সদস্যদের সমর্থনে তিনি প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হন। নিয়ম অনুযায়ী অধিকাংশ সদস্যের আস্থা হারালে তিনি পদত্যাগ করতে বাধ্য হবেন। প্রগতি সংস্থার কার্যক্রমগুলো নোমান সাহেবের নেতৃত্বে পরিচালিত হয়।

ক. রাষ্ট্র কাকে বলে? ১
খ. গণতন্ত্র হলো সকলের মঙ্গলের জন্য পরিচালিত সরকার ব্যবস্থা— ব্যাখ্যা কর। ২
গ. সোহেল সাহেবের প্রতিষ্ঠানের সাথে কোন ধরনের সরকার ব্যবস্থার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নোমান সাহেব এর কার্যাবলির সাথে তোমার পাঠ্যবইয়ের যে সরকার ব্যবস্থার সাদৃশ্য রয়েছে— তা বিশ্লেষণ কর। ৪

৮.▶ জনাব আমিনুল একজন বিত্তশালী কৃষক। তিনি কন্যা নীলা এবং পুত্র আকাশের জনক। তিনি আকাশের পড়ার ব্যাপারে যতটা সচেতন নীলার লেখাপড়ার ব্যাপারে ততটাই উদাসীন। তিনি আকাশকে ডাক্তার হওয়ার পরামর্শ দিলেও নীলার ব্যাপারে কোনো আগ্রহ দেখালেন না। এতে নীলা হতাশ হয়। জনাব আমিনুল নীলাকে সেলাইয়ের প্রশিক্ষণ নেয়ার পরামর্শ দেন।

ক. প্রকৃত অর্থে সাম্য কী? ১
খ. সাম্য ও স্বাধীনতার ধারণা কিভাবে পরস্পরের পরিপূরক? বুঝিয়ে লেখ। ২
গ. নীলা কোন সাম্য থেকে বঞ্চিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আমিনুলের সিদ্ধান্তটি আমাদের সমাজ ব্যবস্থার ক্ষেত্রে কতটুকু যুক্তিযুক্ত? তোমার মতামত দাও। ৪

৯.▶ মুক্তিযোদ্ধা জনাব মামুন নাতি সেলিম ও নাতনী কেয়াকে মুক্তিযুদ্ধের গল্প শুনাচ্ছিলেন। মুক্তিযুদ্ধ শুরুর পূর্বের রাতের ঘটনা বলতে গিয়ে তার চোখ দিয়ে পানি বের হয়ে আসে। এতে সেলিম এবং কেয়াও বাকরুদ্ধ হয়ে যায়। কিছুক্ষণ পর তিনি সেলিম ও কেয়াকে বললেন যে, আমরা যে ভাষায় মুক্তিযুদ্ধের গল্প বলছি তারও একটি মর্মপীড়াদায়ক আন্দোলনের ইতিহাস রয়েছে। সেই আন্দোলনের সূত্র ধরেই আমরা আজ স্বাধীন জাতি।

https://teachingbd24.com

ক. দ্বি-জাতি তত্ত্ব কী? ১
খ. ছয় দফা কর্মসূচিকে বাঙালি জাতির মুক্তির সনদ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মামুন যে রাতের ঘটনা বর্ণনা করতে গিয়ে কেঁদে ফেলেছিলেন সে রাতটির বর্ণনা দাও। ৩
ঘ. "উদ্দীপকের শেষাংশে যে আন্দোলনের কথা বলা হয়েছে তা বাঙালি জাতীয়তাবাদী চেতনাকে জাগ্রত করেছিল"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০.▶ জামিল ও রোজিনা স্বামী-স্ত্রী। জামিল বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত। তিনি বর্তমানে একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে শান্তিরক্ষী বাহিনীর সদস্য হিসেবে কর্তব্য পালন করছেন। অন্যদিকে রোজিনা একটি আন্তর্জাতিক সংস্থায় চাকরি করেন। চাকরির সুবাদে তিনি কিছুদিন যাবৎ লন্ডনে বসবাস করছেন। সেখানে জেসিকা নামে এক সহকর্মীর সাথে তার ভাল বন্ধুত্ব হয়। রোজিনা জেসিকাকে বলে যে, এ সংস্থাটি আমাদের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে অনেক সাহায্য-সহযোগিতা করেছে। অনেক মানুষকে খাদ্য, আশ্রয় ও ঔষধ দিয়ে সাহায্য করেছে। যুদ্ধের পরও এ সংস্থার সদস্য রাষ্ট্রগুলোর সহযোগিতার ফলে যুদ্ধের ক্ষয়ক্ষতি দ্রুত কাটিয়ে উঠতে আমরা সক্ষম হয়েছি।

ক. অছি এলাকা কী? ১
খ. আন্তর্জাতিক বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানটি ভূমিকা রাখে? প্রতিষ্ঠানটির কার্যাবলি ব্যাখ্যা কর। ২
গ. রোজিনা কোন আন্তর্জাতিক সংস্থায় কর্মরত আছেন? সংস্থাটির গঠন-কাঠামো ব্যাখ্যা কর। ৩
ঘ. জামিল যে সংস্থার অধীনে শান্তিরক্ষী বাহিনীতে কর্মরত আছেন, সে সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক কিরূপ? বিশ্লেষণ কর। ৪

১১.▶ আরিফ, আসিফ ও জাহিনের মধ্যে পৌরনীতি ও নাগরিকতা বিষয় নিয়ে আলোচনা হচ্ছিল। আরিফ বলল আমাদের দেশ সৃষ্টি হয়েছে এক অসাধারণ শক্তির মাধ্যমে, যার কোন তুলনা হয় না। এর জন্য আমরা স্বাধীনবাবে বসবাস করতে পারছি। আসিফ বলল না মানুষ আগে যে অরাজকতাপূর্ণ ও দুর্বিষহ পরিবেশে বসবাস করত, তা থেকে মুক্তির জন্য ও শান্তিকে বসবাস করার জন্য আলোচনা ও চুক্তির মাধ্যমে রাষ্ট্র গঠন করেছে। জাহিন বলল, তোমাদের এ ধারণা ভুল। রাষ্ট্র একদিনে সৃষ্টি হয়নি। ধীরে ধীরে অনেক পরিস্থিতির কারণে সৃষ্টি হয়েছে। এটি নানা নিয়ম নীতির ফল।

ক. পরিবার কী? ১
খ. সমাজের সাথে মানুষের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. আরিফের বক্তব্যটি রাষ্ট্র সৃষ্টির কোন মতবাদকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আসিফ ও জাহিনের বক্তব্যটির মধ্যে কোনটিকে অধিকতর গ্রহণযোগ্য বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্র গঠনের জন্য গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় উপাদান কোনটি?**
ক) জনসমষ্টি খ) নির্দিষ্ট ভূ-খণ্ড
গ) সরকার ঘ) সার্বভৌমত্ব

**২. কোন দেশে নাগরিকতা নির্ধারণে জন্মনীতি ও জন্মস্থান নীতি উভয়ই অনুসরণ করা হয়?**
ক) বাংলাদেশ খ) সৌদি আরব
গ) মার্কিন যুক্তরাষ্ট্র ঘ) যুক্তরাজ্য

**৩. নতুন আইন তৈরি ও পুরাতন আইন সংশোধনের সবচেয়ে উপযোগী উৎস কোনটি?**
ক) আইনসভা খ) বিচারকের রায়
গ) ধর্ম ঘ) প্রথা

**উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশের নাগরিক ইসহাক সাহেব মার্কিন যুক্তরাষ্ট্রের একটি সরকারি জাহাজের নাবিক। তিনি সস্ত্রীক ঐ জাহাজে বসবাসকালে তার কন্যা রীনার জন্ম হয়। ইসহাক সাহেব মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভের জন্য আবেদন করলে সপরিবারে নাগরিকত্ব লাভ করেন।

**৪. ইসহাক সাহেব কোন শর্তে নাগরিকতা লাভ করেন?**
ক) সপরিবারে বসবাস
খ) সরকারি চাকরি করা
গ) সন্তানের জন্ম দেয়া
ঘ) নাগরিকতার জন্য আবেদন করা

**৫. রীনার নাগরিকতা অর্জনের ক্ষেত্রে প্রযোজ্য হলো, সে—**
i. বাংলাদেশের নাগরিক
ii. মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক
iii. বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

**৬. সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে জাতীয় সংসদে মহিলাদের জন্য ৫০টি আসন সংরক্ষণ করা হয়?**
ক) দশম খ) দ্বাদশ
গ) চতুর্দশ ঘ) পঞ্চদশ

**৭. বাংলাদেশে পারিবারিক ও সম্পত্তি আইনের অধিকাংশই কোন ধর্ম থেকে এসেছে?**
ক) হিন্দু ও খ্রিস্টান খ) হিন্দু ও মুসলিম
গ) মুসলিম ও বৌদ্ধ ঘ) বৌদ্ধ ও খ্রিস্টান

**৮. খাদ্য নিরাপত্তা বলতে বোঝায়—**
i. চালের উৎপাদন ও মূল্য নিয়ন্ত্রণ
ii. সঠিক পরিমাণে সকল প্রকার খাদ্য গ্রহণ
iii. বিদেশ থেকে খাদ্য আমদানিকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

৯. জনাব আজম সারাদিন অফিসে খাটুনীর পর রাতে বাসায় ফিরে পরিবারের সকলের সাথে একত্রে বসে আহার করেন। এ সময়ে তিনি তাঁর নিজের সমস্যা সকলের সাথে বলেন এবং অন্যদের সমস্যা শুনেন। এভাবে সকলে মিলে তাঁর নিজের এবং পরিবারের সমস্যা সমাধান করেন।
**জনাব আজমের কাজের মধ্যে পরিবারের কোন ধরনের কাজের প্রতিফলন ঘটে?**
ক) মনস্তাত্ত্বিক খ) বিনোদনমূলক
গ) শিক্ষামূলক ঘ) জৈবিক

**১০. আইয়ুব খানের মৌলিক গণতন্ত্রের ফলে কী হয়?**
ক) প্রত্যক্ষ ভোটের অধিকারের সুযোগ সৃষ্টি হয়
খ) রাজনৈতিক নেতৃত্ব নির্বাচিত হওয়ার সুযোগ হারায়
গ) পূর্ব ও পশ্চিম বাংলার মধ্যে সুসম্পর্ক বৃদ্ধি পায়
ঘ) সংসদীয় সরকার প্রতিষ্ঠা করা

**১১. কীভাবে বাংলাদেশে সমুদ্রসীমার অধিকার প্রতিষ্ঠা হয়?**
ক) জাতিসংঘের অধিকাংশ সদস্যের আস্থাভাজন হওয়ায়
খ) আন্তর্জাতিক আদালতে মামলার মাধ্যমে
গ) প্রতিবেশী রাষ্ট্রের সহযোগিতার কারণে
ঘ) নিরাপত্তা পরিষদের চাপের ফলে

**উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
ফরিদপুর সদর উপজেলার ছেলে প্রতীক ইউরোপের একটি দেশে পড়াশুনা করে। তার ইউরোপীয় বন্ধু তার এলাকার স্থানীয় সরকার সম্পর্কে জানতে চাইলে প্রতীক জানায় জনগণের সরাসরি ভোটে একজন প্রধান এবং অন্যান্য সদস্য সংখ্যা এলাকার আয়তন অনুসারে নির্ধারিত হয়। প্রতীক তার বিদেশি বন্ধুর কাছে দেশের বিরোধী দলগুলো রাজনৈতিক ক্ষেত্রে কীভাবে ভূমিকা পালন করে তা জানতে চাইলে বন্ধু বলে সরকারের ভালো কাজের প্রশংসা করে। দেশের বৃহৎ স্বার্থে সকল দল ঐক্যবদ্ধ হয়ে কাজ করে।

**১২. প্রতীকের উত্তর কোন স্থানীয় সরকারের ইংগিত বহন করে?**
ক) উপজেলা পরিষদ খ) জেলা পরিষদ
গ) ইউনিয়ন পরিষদ ঘ) পৌরসভা

**১৩. বিদেশি বন্ধুর দেশের দলগুলোর ভূমিকার ফলে—**
i. জনগণের সচেতনতা বৃদ্ধি পাবে
ii. দলগুলো দ্রুত সরকার গঠন করতে সক্ষম হবে
iii. দেশে সঠিক ও যোগ্য নেতৃত্ব গড়ে উঠবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. গণতান্ত্রিক শাসন ব্যবস্থার প্রাণ কোনটি?**
ক) আইনের শাসন খ) আইন
গ) জনগণ ঘ) সরকার

**১৫. সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতিদের নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রপতি কার সাথে পরামর্শ করেন?**
ক) প্রধানমন্ত্রী খ) স্পীকার
গ) আইন মন্ত্রী ঘ) প্রধান বিচারপতি

Teachingbd24.com

১৬. একজন নাগরিকের নিজ পৌরসভায় বসবাস দ্বারা নাগরিকতার যে বিষয়টি নির্দেশ করে তা হলো—
i. স্থানীয়
ii. জাতীয়
iii. আন্তর্জাতিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

১৭. সংসদীয় সরকার ব্যবস্থায় রাষ্ট্রপতি কোন পদ্ধতিতে নির্বাচিত হন?
ⓚ প্রত্যক্ষ ⓚ পরোক্ষ
ⓖ প্রকাশ্য ⓖ গোপন

১৮. কত সালে ILO নারী ও পুরুষ শ্রমিকের একই ধরনের কাজের জন্য সমান মজুরি প্রদানের ঘোষণা করে?
ⓚ ১৯৪৮ ⓚ ১৯৫১
ⓖ ১৯৫২ ⓖ ১৯৬০

১৯. ভিক্ষুকের ভিক্ষা পাওয়া কোন ধরনের অধিকার?
ⓚ সামাজিক ⓚ রাজনৈতিক
ⓖ নৈতিক ⓖ অর্থনৈতিক

২০. কোন দেশের সংবিধান বিপ্লবের মাধ্যমে তৈরি হয়েছে?
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ ভারত ⓖ রাশিয়া

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব ফাহমিদা বাংলাদেশ সেনাবাহিনীর সদস্য। তিনি প্রথমে ইরাক-কুয়েত যুদ্ধে একটি আন্তর্জাতিক সংস্থার সদস্য হয়ে শান্তিরক্ষায় কুয়েতে কর্মরত ছিলেন।
সম্প্রতি তিনি ঐ আন্তর্জাতিক সংস্থার অধীনে সিয়েরালিয়নে কর্মরত আছেন। তাঁর কর্মতৎপরতা ও অবদানের স্বীকৃতিস্বরূপ ঐ সংস্থা তাকে স্বর্ণপদক প্রদান করে।

২১. জনাব ফাহমিদা প্রথমে কোন সংস্থাভুক্ত দেশে কর্মরত ছিলেন?
ⓚ সার্ক ⓚ ওআইসি
ⓖ কমনওয়েলথ
ⓖ আন্তর্জাতিক আদালত

২২. জনাব ফাহমিদার উদ্দীপকের নির্দেশিত সংস্থার স্বর্ণপদক লাভের ফলে দেশের—
i. মর্যাদা আন্তর্জাতিক ক্ষেত্রে বৃদ্ধি পেয়েছে
ii. বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে
iii. সেনা সদস্যরা অনুপ্রাণিত হয়েছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. বাংলাদেশের জনগণের কর্মসংস্থান সৃষ্টি ও জীবনযাত্রার মান বাড়ানোর জন্য কোনটি প্রয়োজন?
ⓚ জনসংখ্যার পুনর্বণ্টন
ⓚ জনশক্তি রপ্তানি
ⓖ শিক্ষার প্রসার
ⓖ অর্থনৈতিক উন্নয়ন

২৪. জেলা প্রশাসককে জেলার মূল স্তম্ভ বলার কারণ, তিনি—
i. সরকারের আদেশ, নির্দেশ ও সিদ্ধান্ত বাস্তবায়ন করেন
ii. জেলার জনগণের শান্তি, শৃঙ্খলা, নিরাপত্তা প্রদান করেন
iii. উন্নয়নমূলক কাজে সরকারের সাথে জনগণের সংযোগ রক্ষা করেন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. সালেহা বেগম দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে তার সমুদয় সম্পত্তি বিক্রি করে ব্যয়বহুল চিকিৎসার খরচ যোগাড় করেন। এতে তার পরিবার আর্থিক সংকটে পড়লেও বাঁধা দেয় না।
সালেহা বেগম কোন ধরনের স্বাধীনতা ভোগ করেন?
ⓚ ব্যক্তি স্বাধীনতা ⓚ সামাজিক স্বাধীনতা
ⓖ অর্থনৈতিক স্বাধীনতা
ⓖ রাজনৈতিক স্বাধীনতা

২৬. ৭০ এর নির্বাচনে আওয়ামী লীগ একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলে পাকিস্তান সরকার—
ⓚ ক্ষমতা হারানোর ভয়ে ভীত হয়ে পড়ে
ⓚ বঙ্গবন্ধুর হাতে ক্ষমতা হস্তান্তরের ব্যবস্থা করে
ⓖ নির্বাচনের ফলাফল সন্তুষ্টচিত্তে মেনে নেয়
ⓖ ছয়দফাভিত্তিক সংবিধান তৈরি করে আমলাদের গ্রহণযোগ্যতা বাড়ায়

২৭. মেধাবী শিক্ষার্থী সোহানা ছোটবেলা থেকেই মহাকাশ বিজ্ঞানী হওয়ার ইচ্ছা পোষণ করে। কিন্তু তার বাবার ইচ্ছা মেয়ে ডাক্তার হবে।
বাবার ইচ্ছা পূরণ করতে গেলে সোহানার কোন ধরনের অধিকার ক্ষুণ্ন হবে?
ⓚ সামাজিক ⓚ নৈতিক
ⓖ অর্থনৈতিক ⓖ রাজনৈতিক

২৮. সার্ক গঠনের উদ্দেশ্য কী?
ⓚ স্ব স্ব ধর্মের মূল্যবোধ রক্ষা করা
ⓚ বিশ্বযুদ্ধ বন্ধ করে শান্তি প্রতিষ্ঠা করা
ⓖ সদস্য দেশের ব্যবসা বাণিজ্য ও খেলাধুলায় সাহায্য করা
ⓖ সদ্য স্বাধীনতালব্ধ দেশের মধ্যে নেতৃত্বের প্রভাব বৃদ্ধি করা

২৯. শাসন বিভাগের সদস্যগণ আইনসভায় তাদের কাজের ব্যাখ্যা প্রদানের মাধ্যমে সরকারের কোন দিকটি তুলে ধরে?
ⓚ সরকারের দায়িত্বশীলতা
ⓚ আইন ও শাসন বিভাগের ঘনিষ্ঠতা
ⓖ সরকার ও বিরোধী দলের মধ্যে সমঝোতা
ⓖ সরকারের প্রতি জনগণের আস্থাশীলতা

৩০. 'প্রজাতান্ত্রিক' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ⓚ রাষ্ট্রীয় কাজে জনগণের প্রাধান্য
ⓚ জনগণের মতামতের ভিত্তিতে শাসন পরিচালনা
ⓖ সকল ক্ষমতার মালিক জনগণ
ⓖ প্রজাদের সার্বিক কল্যাণ সাধন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | * | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

নোট:* উত্তরে সঠিক অপশন নেই। উত্তর হবে জাতিসংঘ।

Teachingbd24.com